ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.১৫২.২৩ নথির বিষয়: Supply of gasket, rubber wheel, lubricant, enamel paint, ladder, red oxide etc for necessary operation and maintenance of PSTP.

নোট: ১ নোটের বিষয়: **Supply of gasket, rubber wheel, lubricant, enamel paint, ladder, red oxide etc for necessary operation and maintenance of PSTP.**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৫/৯/২৩ ৮:২৪ অপরাহ্ণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীন ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। অত্র প্লান্টের স্লাজ পাম্প ও লিফট পাম্পের ময়লা-আর্বজনা, রাবিশ, ভাসমান পদার্থ ইত্যাদি সাকশন ও ডেলিভারি পয়েন্ট থেকে টেনে সংগ্রহ ও অপসারণ করার জন্য ট্রলি, স্কিপার এবং প্রাইমারি সেডিমেন্টেশন ট্যাংক-১,২,৩ও৪ এর হুইলের রাবার প্যাড, ও প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৫/৯/২৩ ৮:২৪ অপরাহ্ণ

সেই লক্ষ্যে "Supply of gasket, rubber wheel, lubricant, enamel paint, ladder, red oxide etc. for necessary operation and maintenance of PSTP." শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী উপস্থাপন করা হ'ল। পূর্বানুমোদিত দর ও বর্তমান বাজারদর এবং PWD-2022 রেট সিডিউল এর ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ টাঃ ২৪,৯৮,১৯৯.০৯৭ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার এক শত নিরানব্বই দশমিক শুন্য নয় সাত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের চলতি ২০২৩-২০২৪ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "Sub Head-O: Spare parts (STP) খাতের সিরিয়াল নং-95, Package No- No-G 29 এ অন্তর্ভূক্ত রয়েছে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৫/৯/২৩ ৮:২৫ অপরাহ্ণ

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASAকে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমুহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৪):
১। ২০২৩-২০২৪ইং অর্থবছরের অত্র বিভাগের বার্ষিক ক্রয়-পরিকল্পনার অনুমোদিত এপিপি এর কপি।.
২। পুবানুমোদিত দর।.
৩। প্রাক্কলন।.
৪। প্রতিবেদন।.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৫/৯/২৩ ৮:২৭ অপরাহ্ণ

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of gasket, rubber wheel, lubricant, enamel paint, ladder, red oxide etc. for necessary operation and maintenance of PSTP." শীষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাব সমুহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উম্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ২৪,৯৮,১৯৯.০৯৭ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার এক শত নিরানব্বই দশমিক শুন্য নয় সাত) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

৫/৯/২৩ ৮:৪৯ অপরাহ্ন মোঃ আব্দুস সালাম উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	৭/৯/২৩ ৮:২৮ পূর্বাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	~~৭/৯/২৩ ৮:২৮ পূর্বাহ্ন~~ ~~মির্জা গোলাম কিবরিয়া~~ ~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~ ~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৮/৯/২৩ ১০:০৪ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

৮/৯/২৩ ১০:০৬ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	~~৮/৯/২৩ ১০:০৬ পূর্বাহ্ন~~ ~~মোঃ কামরুল হাসান~~ ~~প্রধান প্রকৌশলী~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৯/৯/২৩ ১১:২৪ পূর্বাহ্ন

অনুমোদিত

৯/৯/২৩ ১১:২৪ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~৯/৯/২৩ ১১:২৪ পূর্বাহ্ন~~ ~~মোঃ রাহাত শিকদার~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১১/৯/২৩ ১২:০৪ অপরাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

১১/৯/২৩ ১২:০৪ অপরাহ্ন মোঃ রাহাত শিকদার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ	১১/৯/২৩ ৬:৩২ অপরাহ্ন মোঃ আব্দুস সালাম উপ-সহকারী প্রকৌশলী পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ